

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৩২৩

কৈলাসহর, ১১ অক্টোবর, ২০২১

**ই-শ্রম পোর্টালে অসংগঠিত শ্রমিকদের নাম নথীভুক্তকরণ : উনকোটি জেলায় সভা**

উনকোটি জেলায় অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের কল্যাণে ভারত সরকারের বিশেষ প্রকল্প ই-শ্রম পোর্টালে নাম রেজিস্ট্রেশনের বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়। উনকোটি জেলাশাসকের কার্যালয়ের কনফারেন্স হলে গত ৮ অক্টোবর অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন সিনিয়র ডি সি যোগেশ রিয়াং। উপস্থিত ছিলেন গৌরনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান নারাণ সিংহ, পৈঁচারখল বি এ সি'র চেয়ারম্যান সজল চাকমা, বি এম এস, সি আই টি ইউ, আই এন টি ইউ সি সহ বিভিন্ন শ্রমিক সংগঠন ও জেলার চারটি ব্লকের প্রতিনিধি সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সিনিয়র ডি সি যোগেশ রিয়াং জানান, এই পোর্টাল অসংগঠিত শ্রমিকদের সামাজিক নিরাপত্তাসহ মহামারী বা দুর্ঘটনার সময়ে শ্রমিকদের সহায়তা প্রদানে কেন্দ্রীয় ও রাজ্য সরকারকে সহায়তা করবে। চলতি বছরের ৩১শে ডিসেম্বরের মধ্যে এই পোর্টালে নাম নথীভুক্ত করতে হবে। ১৫৬টি ক্যাটাগরিতে শ্রমিকদের নাম নথীভুক্ত করা যাবে। দুর্গোৎসবের পরে জেলার প্রতি ব্লকে এ বিষয়ে বিশেষ সভা অনুষ্ঠিত হবে। তাছাড়া অক্টোবর মাসের ২৭ তারিখ থেকে নভেম্বর মাসে ৩ তারিখের মধ্যে জেলার প্রতি পঞ্চায়েত ও ভিলেজে এ বিষয়ে শিবির করার উদ্যোগ নেওয়া হবে। জেলার সবকয়টি সি এস সি তে শ্রমিকরা নাম নথীভুক্ত করতে পারবেন। শ্রম ও পঞ্চায়েত দপ্তর যৌথভাবে প্রচারের দায়িত্বে থাকবে। উল্লেখ্য, সমগ্র রাজ্যে ই-শ্রম পোর্টালে ১০ লক্ষ ৪০ হাজার অসংগঠিত শ্রমিকের নাম নথীভুক্ত করার লক্ষ্যমাত্রা রাখা হয়েছে। উনকোটি জেলায় ১ লক্ষ ও সংগঠিতক্ষেত্রের শ্রমিকদের নাম নথীভুক্তকরণের লক্ষ্যমাত্রা রয়েছে।

\*\*\*\*\*